

কাউখালী মাধ্যমিক

বিদ্যালয়ের দুর্ভাবস্থা

কাউখালী (পিরোজপুর) সংবাদ-
দাতা ॥ কাউখালী থানা সদরের
একমাত্র বেসরকারী মাধ্যমিক
বিদ্যালয়টি আর্থিক সংকটের কারণে
সংস্কার বিহীন অবস্থায় জরাজীর্ণ
একটি ঘরে পরিচালিত হইতেছে।
১৯৮৫ সালে প্রতিষ্ঠিত কাঁচা
(৫ম পৃ: দ্র:)

বিদ্যালয়ের দুর্ভাবস্থা

(৩য় পৃ: পর)

ভিটির উপরে কাঠের একটি ঘরে
গোলের ছাউনী দিয়া পরিচালিত
এই বিদ্যালয়ের প্রায় ৩ শত ছাত্র
ছাত্রী দারুণ অসুবিধার মধ্যে লেখা
পড়া করিতেছে। বিদ্যালয়টির
সংস্কারের জন্য কর্তৃপক্ষ সংশ্লিষ্ট শিক্ষা
বিভাগের কাছে আবেদন জানাইয়া
ব্যর্থ হইয়াছে। বিদ্যালয়ের ম্যানে-
জিং কমিটির কর্মকর্তারা গত ১১ই
ফেব্রুয়ারী প্রেসিডেন্টের সহিত
দেখা করিয়া প্রয়োজনীয় অর্থ
মঞ্জুরীর আবেদন জানাইয়াছেন।